

২২/১০

[বাংলাদেশ গেজেটে পরবর্তী বিশেষ সংখ্যায় প্রকাশিতব্য]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

ঢাকা।

[ভ্যাট বিভাগ]

সাধারণ আদেশ নং- ২৩/মুসক/২০১৯

তারিখ: ১০ কার্তিক, ১৪২৬বঙ্গাব্দ/ ২৬ অক্টোবর, ২০১৯ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর আওতায় উপকরণের পরিধি নির্ধারণ।

মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (অতঃপর আইন বলে অভিহিত) এর ধারা ২ এর দফা (২০) এ “উপকরণ কর” এর সংজ্ঞা দেওয়া হইয়াছে। এছাড়া, আইনের ধারা ৪৬ এ উপকরণ কর রেয়াত গ্রহণের ক্ষেত্র উল্লেখ রয়েছে। কিন্তু মাঠ পর্যায়ে ‘উপকরণ’ নির্ধারণ নিয়ে জটিলতা রয়েছে মর্মে জাতীয় রাজস্ব বোর্ড অবহিত হইয়াছে। এই জটিলতা নিরসনকল্পে বোর্ড নিম্নে উল্লিখিত পণ্য বা সেবাসমূহ উপকরণ হিসেবে বিবেচিত হইবে না মর্মে পরিধি নির্ধারণ করিল, যথা:

- (ক) ভূমি, ইমারত, অফিস ইকুইপমেন্ট ও ফিক্সচার, যন্ত্রপাতি, দালানকোঠা বা অবকাঠামো বা স্থাপনা নির্মাণ, সুস্বীকরণ, আধুনিকীকরণ, প্রতিস্থাপন, সম্প্রসারণ, পুণঃ সংস্কারকরণ ও মেরামতকরণ;
- (খ) সকল প্রকার আসবাবপত্র, অফিস সাপ্লাই, স্টেশনারি দ্রব্যাদি, রেফ্রিজারেটর ও ফ্রিজার, এয়ারকন্ডিশনার, ফ্যান, আলোক সরঞ্জাম, জেনারেটর ক্রয় বা মেরামতকরণ;
- (গ) ইন্টেরিয়র ডিজাইন, স্থাপত্য পরিকল্পনা ও নকশা;
- (ঘ) যানবাহন ভাড়া ও লিজ গ্রহণ;
- (ঙ) ভ্রমণ, আপ্যায়ন, কর্মচারীর কল্যাণ, উন্নয়নমূলক কাজ ও এর সহিত সংশ্লিষ্ট পণ্য বা সেবা; এবং
- (চ) ব্যবসা প্রতিষ্ঠানের প্রাঙ্গণ, অফিস, শো-রুম বা অনুরূপ ক্ষেত্র, যেই নামেই অভিহিত হউক না কেন তাহার ভাড়া (Rent) গ্রহণ।

তবে, শর্ত থাকে যে, আইনের তৃতীয় তফসিলের অনচ্ছেদ (৩) এ উল্লিখিত “ব্যবসায়ী” কর্তৃক ব্যবসায় পরিচালনার ক্ষেত্রে বিক্রয়, বিনিময় বা প্রকারান্তরে হস্তান্তরের উদ্দেশ্যে আমদানিকৃত, ক্রয়কৃত, অর্জিত বা অন্যকোনভাবে সংগৃহীত পণ্য “উপকরণ” হিসেবে গণ্য হইবে।

০২। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১১৮ক এ প্রদত্ত ক্ষমতাবলে এই আদেশ জারি করা হইল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,




(হাছান মুহম্মদ তারেক রিকাবদার)

প্রথম সচিব (মুসক নীতি)

প্রাপকঃ উপ-পরিচালক

বাংলাদেশ সরকারি মুদ্রণালয়,

তেজগাঁও, ঢাকা।


মোঃ শফিকুর রহমান
সিস্টেমস ম্যানেজার
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

[তাকে উল্লিখিত আদেশ এর ৫০০ (পাঁচশত) গেজেট কপি মুদ্রণ ও মুদ্রিত কপি সরাসরি জাতীয় রাজস্ব বোর্ডে সরবরাহ করার নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।]